মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ,ময়মনসিংহ
কার্যালয়ঃ ২২৯/১ ,জেলরোড (কাঠগোলা), ময়মনসিংহ।
ফোন ঃ ০২-৯৯৭৭-১০৪৪০ , E-mail : chairmanbisemym@gmail.com
www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং-ময়শিবো/কলেজ/২০২৪/ ৩৩৫৭ তারিখ : ০৩/১১/২০২৫ খ্রি;

**বিষয় : ৬ষ্ঠ আন্তঃকলেজ ক্রীড়া প্রতিযোগিতা-২০২৫ উচ্চমাধ্যমিক পর্যায়ে ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কলেজকে বাধ্যতামূলক অংশগ্রহণ প্রসঙ্গে।**

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,ময়মনসিংহ কর্তৃক আয়োজিত ৬ষ্ঠ আন্তঃকলেজ (উচ্চমাধ্যমিক) ক্রীড়া প্রতিযোগিতা-২০২৫খ্রিঃ অত্র বোর্ডের আওতাধীন সকল কলেজের (উচ্চমাধ্যমিক) ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণ বাধ্যতামূলক করা হয়েছে। শুধুমাত্র ২০২৩,২০২৪ ও ২০২৫ সালে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ২০২৪-২৫ ও ২০২৫-২৬ শিক্ষাবর্ষে এইচএসসিতে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থীগণ উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

এ বিষয়ে যথাসময়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

০৩/১১/২৫
প্রফেসর এস.এম.আরিফুর রহমান
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

অধ্যক্ষ
ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কলেজ।

স্মারক নং-ময়শিবো/কলেজ/২০২৪/৩৩৫৭ তারিখ : ০৪/১১/২০২৫ খ্রি;

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :**

১। সচিব,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ/নেত্রকোনা/জামালপুর/শেরপুর।

০৩/১১/২৫
প্রফেসর এস.এম.আরিফুর রহমান
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

সংযুক্তি :
১। বিজ্ঞপ্তি
২। নীতিমালা (বাইলজ-২০২৫)
৩। খেলোয়ার তালিকার ছক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ
কার্যালয়ঃ ২২৯/১, ঢোলাদিয়া (কাঠগোলা), ময়মনসিংহ।
ফোন ঃ ০৯১-৬৩৩৩৩, E-mail : chairmanbisemym@gmail.com
www.mymensingheducationboard.gov.bd

## বিজ্ঞপ্তি

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ-এর আওতাধীন সংশ্লিষ্ট সকল কলেজের সম্মানিত অধ্যক্ষগণ এর সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিগত ৩০/১০/২০২৫ তারিখে অনুষ্ঠিত ময়মনসিংহ শিক্ষা বোর্ডের ক্রীড়া পরিচালনা কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক ৬ষ্ঠ আন্তঃকলেজ (উচ্চমাধ্যমিক) ক্রীড়া প্রতিযোগিতা ২০২৫ খ্রিঃ ০৪টি জেলা ভিত্তিক ২০/১১/২০২৫ তারিখ হতে ১৩/১২/২০২৫ তারিখ পর্যন্ত সম্পন্ন করে ফলাফল ১৫/১২/২০২৫ তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে ময়মনসিংহ শিক্ষা বোর্ডে পৌঁছাতে হবে।

১। ময়মনসিংহ শিক্ষা বোর্ডের বিভাগীয় চূড়ান্ত পর্যায়ে সম্ভাব্য ১৮/১২/২০২৫ হতে ৩১/১২/২০২৫ পর্যন্ত খেলা সম্পন্ন করা হবে।

২। ৬ষ্ঠ আন্তঃকলেজ (উচ্চমাধ্যমিক) ক্রীড়া প্রতিযোগিতা ২০২৫ খ্রিঃ বোর্ডের পক্ষে পরিচালনা করার জন্য নিম্নে বর্ণিত কলেজ সমূহকে জেলা পর্যায়ে ক্রীড়া পরিচালনা কমিটির সভাপতি মনোনীত করা হলো ঃ

**জেলা পর্যায়**

| | | | |
|---|---|---|---|
| ০১. | ময়মনসিংহ | অধ্যক্ষ,মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ। | ময়মনসিংহ |
| ০২. | নেত্রকোণা | অধ্যক্ষ,সরকারি নেত্রকোণা কলেজ, নেত্রকোণা। | নেত্রকোণা |
| ০৩. | জামালপুর | অধ্যক্ষ,সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর। | জামালপুর |
| ০৪. | শেরপুর | অধ্যক্ষ,সরকারি শেরপুর কলেজ, শেরপুর। | শেরপুর |

**বোর্ড বিভাগীয় চূড়ান্ত পর্যায়**

| | | | | |
|---|---|---|---|---|
| ০১. | বোর্ড বিভাগীয় (ফাইনাল খেলা) | ময়মনসিংহ, নেত্রকোণা, জামালপুর ও শেরপুর জেলা সমূহের খেলার ফলাফলের ভিত্তিতে। | চেয়ারম্যান—পদাধিকার বলে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ। | ময়মনসিংহ শিক্ষা বোর্ড |

৩।জেলা পর্যায় :ময়মনসিংহ, নেত্রকোণা, জামালপুর ও শেরপুর জেলায় অবস্থিত কলেজসমূহের ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণের মাধ্যমে সংশ্লিষ্ট জেলার কলেজের অধ্যক্ষের/সভাপতির নিকট (জেলা সভাপতি/অধ্যক্ষ কর্তৃক) নির্ধারিত তারিখের মধ্যে বাইলজ অনুযায়ী খেলার দফাওয়ারী আলাদা আলাদা তালিকা জমা দিতে হবে।

**বিশেষ দ্রষ্টব্য** ঃ জেলার সভাপতি ২০-১১-২০২৫ হতে ১৩-১২-২০২৫ তারিখের মধ্যে খেলা সম্পন্ন করে অংশগ্রহণকারী কলেজের সংখ্যা (কলেজের নাম ও ঠিকানাসহ) ১৫/১২/২০২৫ তারিখ বিকাল ৪টার মধ্যে অবশ্যই ময়মনসিংহ শিক্ষা বোর্ডে পৌঁছানোর ব্যবস্থা করবেন। উল্লেখ্য ৩০/১০/২০২৫ইং তারিখে ক্রীড়া পরিচালনা কমিটির সভায় ফুটবল, ক্রিকেট, ভলিবল. হ্যান্ডবল ও ব্যাডমিন্টন প্রতিযোগিতার লটারীর মাধ্যমে ময়মনসিংহ, নেত্রকোণা, জামালপুর ও শেরপুর জেলার মধ্যে সেমিফাইনাল দল নির্ধারণ করা হয়েছে যাহা পরবর্তিতে নোটিশের মাধ্যমে জানানো হবে।উল্লেখ্য শুধুমাত্র ২০২৪-২৫ ও ২০২৫-২৬ শিক্ষাবর্ষে এইচএসসিতে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থীগণ উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

৫। এতদসঙ্গে প্রেরিত নীতিমালা-২০২৫ (বাইলজ) এর ক্রমিক ৭ ও ৮ এ উল্লেখিত প্রতিযোগিতায় কমপক্ষে একটি বিষয়ে অংশগ্রহণ বাধ্যতামূলক। উল্লেখ্য, জেলার সভাপতি তাঁর অধীনস্থ কলেজসমূহের ছাত্র-ছাত্রীদেরকে খেলায় অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৬/১১/২৫
(প্রফেসর মোঃ সফিউদ্দিন সেখ)
সচিব
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

০৬/১১/২৫
(মোহাম্মদ আব্দুল হক)
ক্রীড়া অফিসার
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।
০১৭১১-১৭১৫৮৮,abdulhuq1976@gmail.com

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,ময়মনসিংহ এর ৬ষ্ঠ আন্তঃকলেজ (উচ্চমাধ্যমিক) ক্রীড়া প্রতিযোগিতার নীতিমালা (বাইলজ)-২০২৫ খ্রিঃ

০১। **ফুটবল ঃ (পুরুষ ও মহিলাঃ** ফুটবল প্রতিযোগিতার প্রতিটি খেলা ৩০ মিঃ + ৫ মিঃ + ৩০ মিঃ = ৬৫ মিনিট অনুষ্ঠিত হইবে। শেষ পর্যন্ত খেলা অমীমাংসিত থাকিলে টাইব্রেকারের মাধ্যমে ফলাফল নির্ধারণ করা হইবে। খেলা চলাকালীন সময়ে সর্বোচ্চ ৩ (তিন) জন খেলোয়াড় বদলী করা যাইবে। জেলা পর্যায়ের চ্যাম্পিয়ন দলগুলোর মধ্যে লটারীর মাধ্যমে সেমি-ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে এবং সেমি-ফাইনাল বিজয়ী দল দুইটির মধ্যে ফাইনাল অনুষ্ঠিত হইবে। নির্দিষ্ট সময়ের ৩০ মিনিট পূর্বে খেলা পরিচালনা কমিটির নিকট খেলোয়াড় তালিকা জমা দিতে হইবে।

০২। **ক্রিকেট ঃ (পুরুষ ও মহিলা) ঃ**

ক) ক্রিকেট প্রতিযোগিতা প্রতি ম্যাচে প্রত্যেক দল ২০ ওভার এবং ১ জন বোলার আন্তর্জাতিক নিয়ম অনুসারে ১/৫ ভাগ ওভার বল করার সুযোগ পাইবে।

খ) নির্দিষ্ট সময়ের ৩০ মিনিট পূর্বে খেলা পরিচালনা কমিটির নিকট খেলোয়াড় তালিকা জমা দিতে হইবে।

গ) ক্রিকেট প্রতিযোগিতা অনুষ্ঠানে যদি প্রাকৃতিক কারণবশতঃ যথা-ঝড়-বৃষ্টি, ঘন কুয়াশা ইত্যাদির জন্য মাঠের অবস্থা খেলার অনুপযোগী হয় তবে আম্পায়ার খেলার ওভার কমিয়ে খেলা সম্পন্ন করবেন।

ঘ) খেলা যদি টাই অর্থাৎ উভয় দলের রান সমান হয় তবে উভয় দলের প্রথম ১০ ওভারের রানের গড় তুলনা করিয়া ফল নির্ধারণ কর হইবে। ইহাতেও টাই হইলে উইকেট পতনের মাধ্যমে পার্থক্যে ফল নির্ধারণ করা হইবে।

ঙ) প্রাকৃতিক দুর্যোগের কারণে আদৌ খেলা শুরু করা সম্ভব না হইলে TOSS OF COIN এর মাধ্যমে ফল নির্ধারণ করা হইবে।

চ) পুরুষ ও মহিলা উভয় ক্ষেত্রে খেলোয়াড়দের রঙ্গিন পোষাকে মাঠে নামিতে হইবে এবং সাদা বলে খেলা অনুষ্ঠিত হইবে।

০৩। **ভলিবল (পুরুষ ও মহিলা) ঃ**

ভলিবল প্রতিযোগিতায় প্রতি দলে ৬ (ছয়) জন রোটেশন পদ্ধতিতে ৩ (তিন) সেটে সকল খেলা অনুষ্ঠিতহ হইবে। দুই সেটে জয়ী দলকে বিজয়ী ঘোষণা করা হইবে।

০৪। **হ্যান্ডবল (পুরুষ ও মহিলা) ঃ**

হ্যান্ডবল প্রতি ২০ + ৫ + ২০ মিঃ = ৪৫ মিনিট অনুষ্ঠিত হইবে। ড্র হইলে অতিরিক্ত ৫ + ৫ মিনিট খেলা অনুষ্ঠিত হইবে। পুনরায় ড্র হইলে টাইব্রেকারের মাধ্যমে ফল চূড়ান্ত হইবে।

০৫। **ব্যাডমিন্টন (পুরুষ ও মহিলা) ঃ**

ব্যাডমিন্টন প্রতিযোগিতা একক ও দ্বৈত = ৩ (তিন) সেট খেলা অনুষ্টি হইবে। দুই সেটে জয়ী দলকে বিজয়ী ঘোষণা করা হইবে। উল্লেখ্য, প্রতিযোগীর সংখ্যা বেশী হলে রাউন্ডের খেলার পয়েন্ট কমিয়ে খেলা সমাপ্ত করা হইবে।

**বিশেষ দ্রষ্টব্য** ঃক) ফুটবল, ক্রিকেট, হ্যান্ডবল, ভলিবল ও ব্যাডমিন্টন প্রতিযোগিতা "নক আউট" পদ্ধতিতে অনুষ্ঠিত হইবে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণকারী দলসমূহ নিজেদের খেলার সরঞ্জম যথা-বুট, হুজ, সিনগার্ড, জার্সি, প্যান্ট, কিপিং,গ্লাভস্, ব্যাট, প্যাড, চেস্টগার্ড, রেকেট ইত্যাদি ব্যবহার করিবে।

খ) কোন খেলোয়াড়কেই নির্দিষ্ট খেলার ড্রেস, বুট, কেডস ইত্যাদি ছাড়া মাঠে নামিতে দেওয়া হইবে না।

গ) ফুটবল, ভলিবল ও হ্যান্ডবল জার্সিতে অবশ্যই আন্তর্জাতিক নিয়ম অনুযায়ী বড় অক্ষরে নাম্বার থাকিতে হইবে।

০৬। **এ্যাথলেটিকস (পুরুষ ও মহিলা) ঃ**

এ্যাথলেটিক প্রতিযোগিতায় ১ জন প্রতিযোগী ব্যক্তিগত সর্বোচ্চ ৩ (তিন) বিষয়ে (ট্র্যাক এবং ফিল্ড) ও রিলেতে অংশগ্রহণ করিতে পারিবে। ব্যক্তিগত চ্যাম্পিয়নশীপ, ব্যক্তিগত বিষয়ে অর্জিত মোট পয়েন্টের ভিত্তিতে নির্ধারণ করা হইবে। যদি ব্যক্তিগত চ্যাম্পিয়নে ক্ষেত্রে একাধিক প্রতিযোগীর টাই হয় তবে রিলের পয়েন্ট যোগ করিয়া ব্যক্তিগত চ্যাম্পিয়নশীপ নির্ধারণ করা হইবে। ব্যক্তিগত বিষয়ে ১ম স্থান ৫ পয়েন্ট, ২য় স্থান ৩ পয়েন্ট ও ৩য় স্থান ১ পয়েন্ট ধরা হইবে। রিলেতে ১ম স্থান ১২ পয়েন্ট, ২য় স্থান ৭ পয়েন্ট ও ৩য় স্থান ৫ পয়েন্ট ধরা হইবে। উল্লেখ্য, বিভাগীয় পর্যায়ে সর্বাধিক পয়েন্ট অধিকারী কলেজকে আন্তঃকলেজ ময়মনসিংহ বোর্ড বিভাগীয় চ্যাম্পিয়ন হিসেবে ঘোষণা করা হইবে।যদি রিলে পয়েন্ট সহ সমান হয় তাহলে টস্ এর মাধ্যমে চ্যাম্পিয়ন নির্ধারন করা হবে।

০৭। নিম্নলিখিত খেলায় উল্লেখিত সংখ্যক প্রতিযোগী ও কর্মকর্তা সমন্বয়ে দল গঠিত হইবে।

| খেলা | খেলোয়াড় + কর্মকর্তা | খেলা | খেলোয়াড় + কর্মকর্তা |
|---|---|---|---|
| ক) ফুটবল (পুরুষ) | ১৬ জন +2 জন | খ) ফুটবল (মহিলা) | ১৬ জন + ২ জন |
| গ) ক্রিকেট (পুরুষ) | ১৬ জন + ২ জন | ঘ) ক্রিকেট (মহিলা) | ১৬ জন + ২ জন |
| ঙ) ভলিবল (পুরুষ) | ১০ জন + ২ জন | চ) ভলিবল (মহিলা) | ১০ জন + ২ জন |
| ছ) হ্যান্ডবল (পুরুষ) | ১২ জন + ২ জন | জ) হ্যান্ডবল (মহিলা) | ১২ জন + ২ জন |
| ঝ) ব্যাডমিন্টন (পুরুষ) (একক ও দ্বৈত) | (১+২) ৩ জন + ১জন | ঞ) ব্যাডমিন্টন (মহিলা) (একক ও দ্বৈত) | (১+২) ৩ জন + ১জন |
| ট) এ্যাথলেটিকস (পুরুষ) | প্রতিটি ইভেন্টে ২ জন + ১ জন (সর্বোচ্চ) ও রিলেতে একটি দল | ঠ) এ্যাথলেটিকস (মহিলা) | প্রতিটি ইভেন্টে ২ জন + ১ জন (সর্বোচ্চ) ও রিলেতে একটি দল |

০৮। **এ্যাথলেটিকস (ক্রীড়া) ইভেন্টসমূহ ঃ**

**পুরুষ ঃ** ১০০ মিটার, ২০০ মিটার, ৪০০ মিটার, ৮০০ মিটার, ১৫০০ মিটার দৌড়, উচ্চ লম্ফ, দীর্ঘ লম্ফ, ত্রিলম্ফ, লৌহ গোলক নিক্ষেপ, চাকতি নিক্ষেপ, বর্শা নিক্ষেপ ও ১০০ × ৪ রিলে।

**মহিলা ঃ** ১০০ মিটার, ২০০ মিটার দৌড়, উচ্চ লম্ফ, দীর্ঘ লম্ফ, লৌহ গোলক নিক্ষেপ, চাকতি নিক্ষেপ, বর্শা নিক্ষেপ ও ১০০ × ৪ রিলে। ক্রীড়া প্রতিযোগিতায় (পুরুষ ও মহিলা) ১ জন প্রতিযোগী ব্যক্তিগত সর্বোচ্চ ৩ টি ইভেন্টস ও রিলেত অংশগ্রহণ করিতে পারিবে।

০৯। জেলা পর্যায়ের ফুটবল, ক্রিকেট, হ্যান্ডবল, ভলিবল, ব্যাডমিন্টন প্রতিযোগিতার চ্যাম্পিয়ন ও এ্যাথলেটিকস এর প্রথম ও দ্বিতীয় স্থান অধিকারী প্রতিযোগী এবং রিলের চ্যাম্পিয়ন দল কেবলমাত্র ময়মনসিংহ বোর্ড বিভাগীয় চূড়ান্ত খেলায় অংশগ্রহণ করিতে পারিবে।

১০। খেলাধূলায় অংশগ্রহণকী উচ্চমাধ্যমিক শ্রেণির ছাত্র-ছাত্রীর সংশ্লিষ্ট জেলা ও বিভাগীয় ক্রীড়া পরিচালনা কমিটির সভাপতি/বোর্ডের শারীরিক শিক্ষা অফিসার/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট নির্দিষ্ট তারিখে খেলা শুরু হওয়ার পূর্বে ইভেন্ট উল্লেখপূর্বক তালিকা জমা দিতে হইবে। প্রকৃত ছাত্র-ছাত্রীদের সনাক্তকরণের জন্য খেলার দিন একাদশ শ্রেণিতে অধ্যয়নরত প্রতিযোগীদের এস এস সি পরীক্ষার প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের মূল কপি অথবা ESIF প্রাপ্ত হলে এর মূল কপি ও ফটোকপি এবং পাসপোর্ট সাইজের ছবি (অধ্যক্ষ কর্তক সত্যায়িত) সাথে আনিতে হইবে। দ্বাদশ শ্রেণিতে অধ্যয়ণরত প্রতিযোগীদের পাসপোট সাইজের ছবি ও ESIF এর মূল কপি এবং এর একটি ফটোকপি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) সাথে আনিতে হইবে।

১১। যাহারা কলেজের নিয়মিত ছাত্র-ছাত্রী এবং ২০২৩,২০২৪ ও ২০২৫ সালে এসএসসি পাশ করিয়া উচ্চমাধ্যমিক পর্যায়ে নিয়মিতভাবে লেখা-পড়া করিতেছে অর্থাৎ ২০২৪-২৫ ও ২০২৫-২৬ শিক্ষাবর্ষে উচ্চমাধ্যমিকে ভর্তি হয়ে নিয়মিতভাবে অধ্যয়ন করিতেছে কেবলমাত্র তাহারাই সংশ্লিষ্ট খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করিতে পারিবে। তবে ছাত্র-ছাত্রীদের বয়স কিছুতেই ২২(বাইশ) বছরের অধিক হইবে না। অনিয়মিত ও ফেল করা ছাত্র-ছাত্রী উক্ত প্রতিযোগিতায় অংশ গ্রহণ করিতে পারিবে না। বয়স প্রমাণের জন্য এসএসসি রেজিঃ কার্ড প্রদর্শন বাধ্যতামূলক।

১২। সংশ্লিষ্ট জেলার খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণকারী চ্যাম্পিয়ন ছাত্র-ছাত্রী ছাড়া অন্য কেহ নতুন ভাবে বিভাগীয় চূড়ান্ত পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করিতে পারিবে না।

১৩। প্রতিটি কলেজ দলকে নির্দিষ্ট দিনের খেলার নির্ধারিত সময়ের ০১ ঘন্টা পূর্বে মাঠে উপস্থিত থাকিতে হইবে। কারণ, খেলোয়াড়দের ফটো ও তালিকা যাচাই করা হইবে। নির্ধারিত সময়ের মধ্যে কোন দল মাঠে হাজির না হইলে খেলা শুরু করার নির্ধারিত সময়ের পর ১০ মিনিট অপেক্ষা করিয়া রেফারী/আম্পায়ার শেষ বাঁশি বাজাইয়া খেলার সমাপ্তি ঘোষণা করিয়া কমিটির নিকট রিপোর্ট দাখিল করিতে পারিবেন।

১৪। কলেজ দলের জমাকৃত তথ্যাদির সত্যায়িত ফটোকপি খেলার ০১ ঘন্টা পূর্বে সংশ্লিষ্ট ক্রীড়া কমিটির সভাপতি/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হইবে। অন্যথায় প্রতিযোগীকে খেলায় অংশগ্রহণ করিতে দেওয়া হইবে না।

১৫। খেলা চলাকালীন সময়ে সংশ্লিষ্ট সকল খেলাধুলায় রেফারী/আম্পায়ারদের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৬। যদি কোন কলেজ দলের পক্ষে কোন অবৈধ খেলোয়াড় অংশ গ্রহণ করে এবং তাহা প্রমানিত হয়, তাহা হইলে উক্ত কলেজকে সংশ্লিষ্ট খেলার প্রতিযোগিতা হইতে বহিষ্কারসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে। সেই ক্ষেত্রে ক্রীড়া পরিচালনা কমিটির সাথে আলোচনা করে সংশ্লিষ্ট কলেজ ও ক্রীড়াবিদ এর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

১৭। ৬ষঠ আন্তঃকলেজ (উচ্চমাধ্যমিক) ক্রীড়া প্রতিযোগিতা,২০২৫ খ্রিঃ বোর্ডের পক্ষে পরিচালনা করার জন্য মনোনীত কর্মকর্তাবৃন্দ সংশ্লিষ্ট জেলা ও বিভাগীয় দায়িত্ব পালন করিবেন।

১৮। বিশেষ কারণে যদি কোন দল আপত্তি (প্রটেষ্ট) করিতে চায় তাহলে আপত্তিপত্র খেলা শেষ হওয়ার ৬০ মিনিটের মধ্যে ২০০০/-(দুই হাজার) টাকা ফি ও উপযুক্ত প্রমাণাদিসহ সংশ্লিষ্ট ক্রীড়া কমিটির সভাপতি/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হইবে। কমিটির সিদ্ধান্ত যদি আবেদনকারীর পক্ষে বিবেচিত হয় তবে আবেদনকারীর জমাকৃত ফি ফেরৎ দেওয়া হইবে। ফি ছাড়া কোন প্রটেষ্টই গ্রহণযোগ্য বলিয়া বিবেচিত হইবে না।

১৯। ময়মনসিংহ বোর্ড বিভাগীয় চূড়ান্ত পর্যায়ে অংশগ্রহণকারী প্রতিযোগী ও কর্মকর্তাগণ বোর্ডের নির্ধারিত হারে বোর্ডের পক্ষে খেলা পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় সভাপতি/দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নিকট হইতে দৈনিক খাওয়া খরচ (ফুড চার্জ) ও যাতায়াত খরচের অনুদান গ্রহণসহ নিজ ব্যবস্থায় অবস্থান করিবেন। তবে জেলা পর্যায়ের খেলাধুলায় ও ক্রীড়া প্রতিযোগিতায় কোন প্রকার ভাতা দেওয়া হইবে না। উল্লেখ্য, সংশ্লিষ্ট প্রতিটি খেলার জন্য দলের সাথে ০২ (দুই) জন (ম্যানেজার + শরীরচর্চা শিক্ষক) কর্মকর্তা অংশগ্রহণ করিতে পারিবেন।

২০। এই নীতিমালা (বাইলজ) দ্বারা সমাধান যোগ্য নয় এইরূপ কোন সমস্যার উদ্ভব হইলে সেই বিষয়ে সংশ্লিষ্ট ক্রীড়া পরিচালনা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

০৩/১১/২০২৫

(মোহাম্মদ আব্দুল হক)
ক্রীড়া অফিসার
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,ময়মনসিংহ।

## ময়মনসিংহ শিক্ষা বোর্ড ৬ষ্ঠ আন্তঃ কলেজ (উচ্চমাধ্যমিক) ক্রীড়া প্রতিযোগিতা ২০২৫ খ্রিঃ

### খেলোয়াড় তালিকা

(প্রতিটি ইভেন্টের জন্য আলাদা আলাদা ভাবে এ তালিকা অবশ্যই জমা দিতে হবে)

প্রতিযোগিতায় অংশগ্রহণকারী কলেজের নাম............................................কলেজ কোড নং.........................

কলেজ ইআইআইএন নং............................................ক্রীড়া শিক্ষকের মোবাইল নম্বর.................................

ইভেন্টের নাম......................................................

| ক্রমিক নং | খেলোয়ারদের স্পষ্টাক্ষরে নাম ও পিতার নাম (এসএসসি রেজিস্ট্রেশন অনুযায়ী) | জার্সি নং | এইচএসসি গ্রুপ | শ্রেণি | ক্লাশ রোল | ই.এস.আই.এফ এর ক্রমিক নং | এসএসসি পাশের রোল নম্বর, সন |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |

**বিশেষ দ্রষ্টব্য ঃ** ময়মনসিংহ শিক্ষা বোর্ডে রেজিস্ট্রেশনের জন্য প্রেরিত **ইএসআইএফ-এর অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত ফটোকপি, এসএসসির মূল রেজিস্ট্রেশন কার্ড ও মূল প্রবশপত্র (ফেরতযোগ্য) এবং এর ফটোকপি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত), এসএসসির ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত),এবং ২০২৪ ও ২০২৫ সনের এইচএসসি নিয়মিত শিক্ষার্থীদের শিক্ষা বোর্ডের রেজিস্ট্রেশন কার্ডের(প্রাপ্য হলে) ফটোকপি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) এবং পাসপোর্ট সাইজের সত্যায়িত ২ কপি ছবি অবশ্যই সংগে জমা দিতে হবে।** উল্লেখ্য, খেলোয়াড়গণকে অবশ্যই ২০২৪-২৫ ও ২০২৫-২৬ শিক্ষাবর্ষে উচ্চমাধ্যমিকে নিয়মিত শিক্ষার্থী হতে হবে।

ক্রীড়া শিক্ষকের নাম............................

............................
স্বাক্ষর

অধ্যক্ষের স্বাক্ষর
সীলমোহর